advertisement

# জাতীয়করণসহ বেসরকারি শিক্ষকদের ৮ দফা

নিজস্ব প্রতিবেদক
১২ মে ২০১৯ ০০:০০ | আপডেট: ১২ মে ২০১৯ ০০:০৬

শিক্ষার মান উন্নয়নে শিক্ষা প্রতিষ্ঠান জাতীয়করণ, বেসরকারি শিক্ষক-কর্মচারী কল্যাণ ট্রাস্ট ও অবসর সুবিধা বোর্ডে অতিরিক্ত চাঁদা কর্তনের বিকল্প ব্যবস্থাসহ ৮ দফা দাবি জানিয়েছে স্বাধীনতা শিক্ষক-কর্মচারী ফেডারেশন। গতকাল জাতীয় প্রেসক্লাবে শিক্ষকদের মোর্চা স্বাধীনতা শিক্ষক কর্মচারী ফেডারেশন এক সংবাদ সম্মেলনে এসব দাবি জানায়। ফেডারেশনের প্রধান সমন্বয়কারী অধ্যক্ষ মো. শাহজাহান আলম সাজু লিখিত বক্তব্যে তাদের দাবিগুলো তুলে ধরেন। দাবিগুলো হলোÑ শিক্ষার মান উন্নয়ন ও বিশ্বায়ন উপযোগী করার লক্ষ্যে সরকারের বর্তমান মেয়াদে শিক্ষাব্যবস্থা জাতীয়করণ করতে হবে এবং অবিলম্বে এ সংক্রান্ত ঘোষণা দিতে হবে; নন-এমপিও স্কুল, কলেজ, মাদ্রাসা, কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান ও শিক্ষকদের এমপিওভুক্ত করতে হবে; বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের অধ্যক্ষ, উপাধ্যক্ষ, প্রধান শিক্ষক ও সহকারী প্রধান শিক্ষক নিয়োগসংক্রান্ত নতুন নীতিমালা বাতিল করে পূর্বের নীতিমালা বহাল রাখতে হবে; মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিপ্তর, কারিগরি ও মাদরাসা অধিদপ্তর, বিভিন্ন শিক্ষা বোর্ড, পাবলিক বিশ্ববিদ্যালয়, এনটিআরসি কর্তৃপক্ষ ইত্যাদি সংস্থায় যোগ্যতার ভিত্তিতে বেসরকারি শিক্ষকদের নিয়োগ দিতে হবে। এ ছাড়া শিক্ষা প্রশাসন থেকে স্বাধীনতাবিরোধীদের উৎখাত, এমপিও নীতিমালাসহ শিক্ষাসংক্রান্ত কমিটিগুলোয় বেসরকারি শিক্ষকদের প্রতিনিধিত্ব, মাধ্যমিক বিদ্যালয় পর্যায়ে সরকারি ও বেসরকারি প্রধান শিক্ষকদের বেতনবৈষম্য দূরীকরণ এবং সহকারী মৌলভিদের সহকারী শিক্ষকদের অনুরূপ ২২ হাজার টাকা স্কেলে বেতন ও সংযুক্ত এবতেদায়ি মাদ্রাসাপ্রধানদের উচ্চতর বেতন স্কেল ১২ হাজার ৫০০ টাকা প্রদান করার দাবি জানানো হয় সংবাদ সম্মেলনে